

Prime Minister's participation in 47th G7 Summit

June 10, 2021

৪৭ তম জি ৭ শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রীর অংশগ্রহণ

জুন 10,2021

1. ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের আমন্ত্রণে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি ভারতীয় ফরম্যাটে ১২ এবং ১৩ই জুন জি ৭ শীর্ষ সম্মেলনের আউটরিচ সেশনে অংশগ্রহণ করবেন। যুক্তরাজ্য বর্তমানে জি ৭ অধিবেশনের পৌরোহিত্য করছে এবং ভারতকে আমন্ত্রণ জানিয়েছে, সেইসাথে জি ৭ শীর্ষ সম্মেলনে অতিথি দেশ হিসেবে অস্ট্রেলিয়া, কোরিয়া প্রজাতন্ত্র এবং দক্ষিণ আফ্রিকাকে আমন্ত্রণ জানিয়েছে। হাইব্রিড মোডে মিটিংটি অনুষ্ঠিত হবে।
2. শীর্ষ সম্মেলনের থিম হল 'বিল্ড ব্যাক বেটার' এবং যুক্তরাজ্য তার পৌরোহিত্যের জন্য চারটি ক্ষেত্রে অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করেছে। সেগুলি হল, ভবিষ্যতে অতিমারির বিরুদ্ধে স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তনকে শক্তিশালী করে কোরোনা ভাইরাস থেকে বৈশ্বিক পুনরুদ্ধারকে এগিয়ে নিয়ে যাওয়া; উন্মুক্ত এবং পরিষ্কৃত বানিজ্যকে উষ্ণ তুলে ধরে ভবিষ্যতের সমৃদ্ধিকে উৎসাহিত করা; জলবায়ু পরিবর্তনকে সামাল দেওয়া এবং পৃথিবীর জৈববৈচিত্র্যকে সংরক্ষণ করা; উন্মুক্ত সমাজ ও বন্ডিত মূল্যবোধকে উষ্ণতুলে ধরা। আশাকরা যাচ্ছে যে নেতৃত্ব স্বাস্থ্য এবং জলবায়ুর পরিবর্তনের দিকে লক্ষ্য স্থির রেখে অতিমারির হাত থেকে বৈশ্বিক পুনরুদ্ধারের লক্ষ্যে এগিয়ে যাবার জন্য নিজেদের মতামত বিনিময় করবেন।
3. এই নিয়ে দ্বিতীয়বারের জন্য প্রধানমন্ত্রী জি৭ মিটিংয়ে অংশগ্রহণ করবেন। ২০১৯-এ ফ্রান্সের পৌরহিত্যে বিয়ারিংজ শীর্ষসম্মেলনে "গুডউইল পার্টনার" বা "শুভেচ্ছা অংশীদার" হিসেবে ভারতকে আমন্ত্রণ জানানো হয়েছিল এবং প্রধানমন্ত্রী 'জলবায়ু, জৈববৈচিত্র্য ও সমৃদ্ধ' এবং 'ডিজিটাল ট্রান্সফরমেশন' শীর্ষক অধিবেশনে অংশগ্রহণ করেছিলেন।

নিউ দিল্লি

জুন 10,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.